সমকাল

তারিখ 11 JUN 2016
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৫

# একাদশে ভর্তিতে ১৩ লাখ শিক্ষার্থীর আবেদন

■ সমকাল প্রতিবেদক

চলতি বছর মাধ্যমিকে উত্তীর্ণদের মধ্যে ১৩ লাখ এক হাজার ৯৯ জন কলেজগুলোতে একাদশ শ্রেণিতে ভর্তির আবেদন করেছে। তবে দেড় লাখ শিক্ষার্থী আবেদন জমা দেয়নি। আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় সাব-কমিটি সূত্রে এ তথ্য জানা গেছে।

ঘোষণা অনুযায়ী, গত বৃহস্পতিবার রাত ১১টা ৫৯ মিনিটে কলেজে ভর্তির আবেদনের সময় শেষ হওয়ার কথা থাকলেও গতকাল শুক্রবার সকাল ১০টা পর্যন্ত এসএমএসে টাকা জমা দেওয়ার সুযোগ পায় শিক্ষার্থীরা। আর শুক্রবার সকাল ১০টার মধ্যে যেসব শিক্ষার্থী টাকা জমা দিয়েছিল তাদের বিশেষ বিবেচনায় এদিন বিকেল ৩টা পর্যন্ত আবেদন জমা দেওয়ার সুযোগ দেওয়া হয়।

আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় সাব-কমিটির কলেজ পরিদর্শক মো. আশফাকুস সালেহীন জানান, এবার একাদশে ভর্তির জন্য ১৩ লাখ এক হাজার ৯৯ শিক্ষার্থী আবেদন করে। এর মধ্যে অনলাইনে ৯ লাখ ৩৭ হাজার ৯৪৭ এবং এসএমএসে চার লাখ পাঁচ হাজার ৮৬৮ জন আবেদন করে। মাধ্যমিক ও সমমানের পরীক্ষায় পাসের হিসাবে এক লাখ ৫১ হাজার ৫০৬ জন এবার কলেজে ভর্তির আবেদন করেনি।

এ বিষয়ে কলেজ পরিদর্শক আশফাক বলেন, আগের অভিজ্ঞতায় দেখা যায়, প্রতি বছরই এক লাখের বেশি শিক্ষার্থী অন্য দিকে চলে যায়। কিছু শিক্ষার্থী ঝরে পড়ে, কিছু পলিটেকনিকে যায়। তিনি জানান, একাধিক কলেজের জন্য আবেদনের সুযোগ থাকায় এবার মোট ৪৪ লাখ ৯২ হাজার ১৪০টি আবেদন জমা পড়েছে। এর মধ্যে অনলাইনে ৪০ লাখ ৪৯ হাজার ৭৮০টি এবং এসএমএসে চার লাখ ৪২ হাজার ৩৬০টি আবেদন জমা দেয় শিক্ষার্থীরা।

এবার কলেজে ভর্তিতে অনলাইনের মাধ্যমে সর্বোচ্চ ১০টি এবং এসএমএসের মাধ্যমে আরও ১০টিসহ মোট ২০টি কলেজে আবেদনের সুযোগ ছিল।

আন্তঃবোর্ড সমন্বয় সাব-কমিটি জানিয়েছে, আগামী ১৬ জুলাই কলেজে ভর্তির জন্য মনোনীত শিক্ষার্থীদের তালিকা প্রকাশ করা হবে এবার। নির্বাচিত তালিকা থেকে ১৮ থেকে ২২ জুন শিক্ষার্থী ভর্তি করা হবে। অপেক্ষমাণ তালিকা থেকে ভর্তি ২৩ থেকে ৩০ জুন। আগামী ১০ জুলাই একাদশে ক্লাস শুরুর পর ১০ থেকে ২০ জুলাই পর্যন্ত বিলম্ব ফি দিয়ে ভর্তি হতে পারবে শিক্ষার্থীরা।